

এলিমেন্টারি স্কুল অ্যাডমিশন বা ভর্তি সম্পর্কিত একটি ভার্চুয়াল অনুষ্ঠানে অংশগ্রহণ করুন!

প্রিয় পরিবারবর্গ,

যেসকল NYC পরিবারে 2018, 2019, ও 2020 সালে জন্মগ্রহণকারী ছেলেমেয়ে রয়েছে, তাদের 3-K, প্রি-K, কিন্ডারগার্টেন এবং গিফটেড অ্যান্ড ট্যালেন্টেড ভর্তি সংক্রান্ত একটি ভার্চুয়াল তথ্য অধিবেশনে আমাদের সাথে যোগ দিতে আমন্ত্রণ জানানো হচ্ছে। উপস্থাপনার পর, আমরা আপনার প্রশ্নাবলীর জবাব দেব।

প্রতিটি অনলাইন অনুষ্ঠান চলাকালে, আমরা আপনাকে সব ধরনের এলিমেন্টারি ভর্তি প্রক্রিয়া সম্পর্কে বিশদভাবে জানাবো। আমরা আলোচনা করবো স্কুল এবং প্রোগ্রাম সম্পর্কে, এবং তাদের অগ্রাধিকারসমূহ সম্পর্কে, **MySchools.nyc** -এর অনলাইন স্কুল ডাইরেক্টরি ব্যবহার করে কীভাবে জানতে পারবেন। আমরা কীভাবে একটি জোরালো ও ভারসাম্যপূর্ণ আবেদন তৈরি করতে হয় এবং কীভাবে আবেদন করতে হয় সেটাও আলোচনা করবো।

- প্রতিটি অনুষ্ঠান ভার্চুয়ালভাবে হবে, এর ফলে আপনি যেকোনো স্থান থেকে যোগ দিতে পারবেন।
- অনুগ্রহ করে লক্ষ্য করবেন যে, প্রতিটি অনুষ্ঠান একই বিষয়বস্তু নিয়ে আলোচনা করবে, কিন্তু প্রতিটি অনুষ্ঠানে ভিন্ন ভিন্ন ভাষায় দোভাষী পরিষেবা প্রদান করা হবে।
- অনুষ্ঠানগুলো নিম্নলিখিত তারিখ এবং সময়ে অনুষ্ঠিত হবে—অনুগ্রহ করে আপনার এবং আপনার পরিবারের পছন্দের ভাষায় যে অধিবেশনটি সবচেয়ে ভালো হবে সেটা বেছে নিতে নিচের লিংক এবং তথ্য ব্যবহার করুন। এছাড়াও আপনি এসব অনুষ্ঠান আমাদের নতুন [মাইস্কুলস ইভেন্টস ক্যালেন্ডার](#) ব্যবহার করে দেখতে ও আপনার ক্যালেন্ডারে সেভ করতে পারবেন।
 - **8 ডিসেম্বর, 2022**, 2pm থেকে 3pm | অনুষ্ঠানটি ইংরেজিতে হবে। নিম্নলিখিত ভাষাগুলোতে দোভাষী সেবা প্রদান করা হবে: চায়নিজ (ম্যান্ডারিন), ফ্রেঞ্চ, উর্দু
 - **13 ডিসেম্বর, 2022**, 2pm থেকে 3pm | অনুষ্ঠানটি ইংরেজিতে হবে। নিম্নলিখিত ভাষাগুলোতে দোভাষী সেবা প্রদান করা হবে: বাংলা, কোরিয়ান, স্প্যানিশ
 - **12 জানুয়ারি, 2023**, 6pm থেকে 7pm | অনুষ্ঠানটি ইংরেজিতে হবে। নিম্নলিখিত ভাষাগুলোতে দোভাষী সেবা প্রদান করা হবে: আরবি, হেইশিয়ান ক্রিওল, রাশিয়ান
 - **26 জানুয়ারি, 2023**, 6pm থেকে 7pm | অনুষ্ঠানটি ইংরেজিতে হবে। নিম্নলিখিত ভাষাগুলোতে দোভাষী সেবা প্রদান করা হবে: চায়নিজ (ম্যান্ডারিন), ফ্রেঞ্চ, উর্দু
 - **1 ফেব্রুয়ারি, 2023**, 2pm থেকে 3pm | অনুষ্ঠানটি ইংরেজিতে হবে। নিম্নলিখিত ভাষাগুলোতে দোভাষী সেবা প্রদান করা হবে: আরবি, হেইশিয়ান ক্রিওল, রাশিয়ান
 - **15 ফেব্রুয়ারি, 2023**, 6pm থেকে 7pm | অনুষ্ঠানটি ইংরেজিতে হবে। নিম্নলিখিত ভাষাগুলোতে দোভাষী সেবা প্রদান করা হবে: বাংলা, কোরিয়ান, স্প্যানিশ

কীভাবে অংশগ্রহণ করতে হবে:

- প্রতিটি অনুষ্ঠান অনলাইনে সরাসরি (লাইভ) অনুষ্ঠিত হবে। অনুষ্ঠান শুরু হবার সময় আমাদের সাথে জুম (Zoom)-এ যোগ দিন: <https://bit.ly/ESEvents2022-2023>
- **গুরুত্বপূর্ণ দ্রষ্টব্য:** পাসওয়ার্ড ও অংশগ্রহণের জন্য প্রয়োজনীয় অন্যান্য তথ্যের পাশাপাশি দোভাষী সেবা কীভাবে পাওয়া যাবে সেবিষয়ে তথ্য পেতে প্রথম অনুষ্ঠানের আগের দিন আপনার ইমেইল অথবা schools.nyc.gov/ESEvents দেখুন।



অংশগ্রহণ করতে পারবেন না অথবা আরও জানতে চান?

- আমাদের [অনুষ্ঠানসমূহের ওয়েবসাইট](#) দেখুন: এই উপস্থাপনার একটি রেকর্ডিং আমরা জানুয়ারিতে প্রকাশ করবো।
- আপনার [MySchools.nyc](#) অ্যাকাউন্ট তৈরি করুন এবং আপনার সন্তানের প্রোগ্রামের বিকল্প তথা অপশনগুলো অন্বেষণ করুন।

শুভেচ্ছান্তে,

এলিমেন্টারি অ্যাডমিশনস্ টিম, অফিস অভ স্টুডেন্ট এনরোলমেন্ট

এই ইমেইলটি কি আপনার কোনও বন্ধু আপনাকে প্রেরণ (ফরওয়ার্ড) করেছেন? আমাদের [schools.nyc.gov/SignUp](#) ওয়েবসাইটে 3-K, প্রি-K এবং/অথবা কিন্ডারগার্টেনে ভর্তি হতে আগ্রহীদের মেইলিং লিস্ট(সমূহ)-এ (ডাক তালিকায়) নাম লেখাতে (বা সাইন আপ করতে) নিশ্চিত করুন। যদি আপনি এলিমেন্টারি অ্যাডমিশনস্ বিষয়ে ভবিষ্যতে কোনও বার্তা পেতে না চান, তথা আনসাবস্ক্রাইব করতে চান, অনুগ্রহ করে [এখানে](#) ক্লিক করুন।